

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫।
www.dls.gov.bd

নং-৩৩.০১.০০০০.১০২.২০.০০৪.১৮-**২৫**

তারিখ: **২০/০৭/২০২৬**

বিষয়: ২০২৫-২০২৬ অর্থবছরে প্রাণিসম্পদ অধিদপ্তরের অধীনস্থ বিভিন্ন দপ্তরের নিকট ছুমি উন্নয়ন করের (অনাদায়ী) অর্থ পরিশোধের ব্যবস্থা গ্রহন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রাণিসম্পদ অধিদপ্তর হতে চলতি ২০২৫-২০২৬ অর্থ বছরে আপনার এবং আওতাধীন দপ্তর সমূহের বরাবরে যে বরাদ্দ প্রদান করা হয়েছে, তা হতে অগ্রাধিকার প্রদান পূর্বক জরুরী ভিত্তিতে বকেয়া ছুমি উন্নয়ন কর পরিশোধের নির্দেশনা দেয়া হয়েছিল। কিন্তু ব্যয় পর্যালোচনায় দেখা যায় যে, প্রাণিসম্পদ অধিদপ্তরের আওতাধীন দপ্তরসমূহে চলতি অর্থবছরে মোট ১,৪৭,৮৬,৮০০/- (এক কোটি সাতচল্লিশ লক্ষ ছিয়াশি হাজার আটশত) টাকা ছুমি উন্নয়ন কর পরিশোধের জন্য বরাদ্দ প্রদান করা হলেও বিগত নভেম্বর/২৫ পর্যন্ত মাত্র ৩৪,৫৬,০০০/- টাকা ছুমি উন্নয়ন কর পরিশোধ হয়েছে, যা অনাকাঙ্ক্ষিত। অধিদপ্তর কর্তৃক চাহিদানুযায়ী বরাদ্দ প্রদানের পরেও কোন ছুমি উন্নয়ন কর বকেয়া থাকলে তার দায়-দায়িত্ব সংশ্লিষ্ট আয়ন-ব্যয়ন কর্মকর্তার উপর বর্তাবে বিধায় জরুরী ভিত্তিতে ছুমি উন্নয়ন কর পরিশোধের জন্য পুনরায় নির্দেশনা প্রদান করা হলো। একইসাথে অন্যান্য ইউটিলিটি (পৌরকর, অন্যান্য কর, টেলিফোন, পানি, বিদ্যুৎ, গ্যাস ও জ্বালানী) এর বকেয়া পরিশোধ করার জন্যও বলা হ'ল।

ড. মোঃ আবু সুফিয়ান
২০.৭.২৬
মহাপরিচালক (ভারপ্রাপ্ত)

প্রাপকঃ

- ১) পরিচালক, উৎপাদন, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ২) পরিচালক, গবেষণা, প্রশিক্ষণ ও মূল্যায়ন, প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠান, মহাখালী, ঢাকা।
- ৩) পরিচালক, বিসিএস লাইভস্টক একাডেমী, সাভার, ঢাকা।
- ৪-১১) পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল/সিলেট/ময়মনসিংহ।
- ১২) পরিচালক, প্রাণিসম্পদ (ঔষধাগার) দপ্তর, ৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।
- ১৩) পরিচালক, কৃত্রিম প্রজনন দপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ১৪) পরিচালক, কেন্দ্রীয় ভেটেরিনারি হাসপাতাল, ৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।
- ১৫) পরিচালক, বাংলাদেশ জাতীয় চিড়িয়াখানা, মিরপুর, ঢাকা (প্রাণি জরিপ সহ)।
- ১৬) সিনিয়র সহকারী পরিচালক, জেলা পিগ ফার্ম, রাংগামাটি পার্বত্য জেলা।
- ১৭) ভেটেরিনারি সার্জন, রংপুর চিড়িয়াখানা/বিনোদন উদ্যান, রংপুর।
- ১৮) জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (সকল),
- ১৯) ভেটেরিনারি অফিসার, জেলা প্রাণি হাসপাতাল (সকল),
- ২০) সিনিয়র সায়েন্টিফিক অফিসার, কিউসি ল্যাব, সাভার, ঢাকা।

সকল পরিচালকগণকে তাঁর অধিনস্থ সকল অফিসের ছুমি উন্নয়ন কর পরিশোধের লক্ষ্যে মনিটরিং করার দায়িত্ব প্রদান করা হ'ল এবং ছুমি উন্নয়ন কর জরুরী ভিত্তিতে আগামী ৩(তিন) কর্মদিবসের মধ্যে পরিশোধ করে তার একটি হালনাগাদ প্রতিবেদন অধিদপ্তরে প্রেরণের জন্য বলা হ'ল।